

## 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৯২৬

২৯/ স্বপ্নের ব্যাখ্যা (کتاب تعبیر الرؤیا)

পরিচ্ছেদঃ ২৯/১০. স্বপ্নের ব্যাখ্যা

بَابِ تَعْبِيرِ الرُّوْيَا

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا أَبُو بَكْرٍ الْهُذَلِيُّ، عَنِ ابْنِ سِيرِينَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " أَكْرَهُ الْغُلُّ وَأُحِبُّ الْقَيْدُ الْقَيْدُ الْقَيْدُ تَبَاتٌ فِي الدِّينِ " .

বাংলা

১০/৩৯২৬। আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমি স্বপ্নে গলায় চাকতি দেখা অপছন্দ করি, কিন্তু আংটা পছন্দ করি। কারণ আংটা অর্থ দীনের উপর অবিচলথাকা।

## **English**

It was narrated from Abu Hurairah that the Messenger of Allah (ﷺ) said: "I dislike (to see in a dream) a chain around the neck, but I like to see fetters on the feet, for fetters (represent) steadfastness in religion."

## ফুটনোট

সহীহুল বুখারী ৭০১৭, মুসলিম ২২৬৩, তিরমিয়ী ২২৭০, ২২৯১, আবূ দাউদ ৫০১৯, দারেমী ২১৬০। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী আবু বাকর আল-হুযালী সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয় তার থেকে হাদিস গ্রহন করা যায় তবে তা দলীলযোগ্য হবে না। আবু যুরআহ আর-রায়ী ও আহমাদ বিন হাম্বল বলেন, তিনি দুর্বল। মুহাম্মাদ বিন জা'ফার বলেন, তিনি মিথ্যা কথা বলতেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭২৬৮, ৩৩/১৫৯ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন